রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২, ১৯৯৪

৮ম খন্ড—বেসরকারী ব্যক্তি এবং করপোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (১৬ ও ১৭ তলা)
১০, দিলকুশা বা/এ, ঢাকা।

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ই জ্যৈষ্ঠ, ১৪০১/১লা জুন, ১৯৯৪

এস, আর, ও, নং ১৯৮-আইন/৯৪—সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫নং আইন) এর ২৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, সরকারের পূর্বানুমতিক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল:—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই প্রবিধানমালা সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার ও সাব-ব্রোকার) প্রবিধানমালা, ১৯৯৪ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) "আইন" অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫নং আইন);

(খ) "কর্তৃপক্ষ" অর্থ এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে কমিশন কর্তৃক নিযুক্ত উহার কোন সদস্য বা কর্মকর্তা;

(গ) "তফসিল" অর্থ এই প্রবিধানমালার কোন তফসিল;

(ঘ) "নিবন্ধন সনদ" অর্থ আইনের ধারা ১০ এ উল্লিখিত নিবন্ধিকরণ সার্টিফিকেট, যাহা এই প্রবিধানমালা অনুসারে প্রদান করা হয়;

(ঙ) "ফরম" অর্থ তফসিল ১-এ বিধৃত কোন ফরম;

(চ) "ষ্টক ডিলার" অর্থ কোন অংশীদারী কারবারী প্রতিষ্ঠান বা কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থা বা অন্য কোন প্রতিষ্ঠান যাহা নিজের জন্য বা ষ্টক-ব্রোকার হিসাবে অন্য কাহারো জন্য সিকিউরিটি ক্রয়-বিক্রয় বা উহার কারবার করিয়া থাকেন;

(ছ) "ষ্টক ব্রোকার" অর্থ এমন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি বা যাহা অন্য কাহারো পক্ষে সিকিউরিটি ক্রয়-বিক্রয় বা উহার কারবার করিয়া থাকেন;

(জ) "সাব-ব্রোকার" অর্থ এমন কোন ব্যক্তি যিনি কোন ষ্টক-ব্রোকার বা ষ্টক-ডিলারের অধীনে প্রতিনিধি হিসাবে এই প্রবিধানমালা অনুসারে সিকিউরিটি ক্রয়-বিক্রয় বা উহার কারবার করিয়া থাকেন।

৩। নিবন্ধন সনদ ব্যতীত সিকিউরিটি ক্রয়-বিক্রয় ইত্যাদি নিষিদ্ধ।—প্রবিধান ২০-এর বিধান সাপেক্ষে, কোন ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার বা সাব-ব্রোকার নিবন্ধন সনদপ্রাপ্ত না হইলে বা এই প্রবিধানমালার অধীন উহার কার্যকারিতা স্থগিত বা বাতিল করা হইলে, কোন সিকিউরিটি ক্রয়-বিক্রয় বা উহার কারবার করিতে পারিবেন না।

৪। নিবন্ধন সনদপ্রাপ্তির যোগ্যতা।—(১) কোন ব্যক্তি ষ্টক ব্রোকার বা ষ্টক ডিলার হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির যোগ্য হইবেন না, যদি তিনি—

(ক) কোন ষ্টক এক্সচেঞ্জের সদস্য না হন;

(খ) তিনি যে ষ্টক এক্সচেঞ্জের সদস্য উহাতে তালিকাভুক্ত কোন কোম্পানীর পরিচালকমণ্ডলীর সদস্য হন;

(গ) জালিয়াতি বা প্রতারণামূলক বা অসাধু কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে দণ্ডিত হন; অথবা

(ঘ) আদালত কর্তৃক দেউলিয়া বা মানসিক বিকারগ্রস্ত বলিয়া ঘোষিত হন।

(২) কোন ব্যক্তি সাব-ব্রোকার হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির যোগ্য হইবেন না, যদি তিনি—

(ক) ২১ বৎসরের কম বয়স্ক হন;

(খ) উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতার অধিকারী না হন;

(গ) সিকিউরিটি বিষয়ে কমিশন কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সিকিউরিটি ক্রয়-বিক্রয় এবং উহার কারবার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত অথবা কমিশন কর্তৃক আদেশ দ্বারা নির্ধারিত মেয়াদের অভিজ্ঞতাসম্পন্ন না হন;

(ঘ) কোন ষ্টক ব্রোকার বা ষ্টক ডিলারের প্রতিনিধি হিসাবে সিকিউরিটির ক্রয়-বিক্রয় বা কারবার করার জন্য উক্ত ব্রোকার বা ডিলারের নিকট হইতে লিখিতভাবে ক্ষমতা প্রাপ্তি এবং সাব-ব্রোকার হিসাবে তাহার কার্যপরিধি নির্ধারণের উদ্দেশ্যে উক্ত ষ্টক ব্রোকার বা ষ্টক ডিলারের সহিত একটি চুক্তিপত্র স্বাক্ষর না করেন;

(ঙ) জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে দণ্ডিত হন; অথবা

(চ) তাহার উপরস্থ স্টক ব্রোকার বা স্টক ডিলার যে স্টক এক্সচেঞ্জের সদস্য উহাতে তালিকাভুক্ত কোন কোম্পানীর পরিচালক হন।

৫। নিবন্ধন সনদের জন্য আবেদনপত্র দাখিল, বিবেচনা ইত্যাদি।—(১) নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত ফরমে ও ফিসসহ আবেদন করিতে হইবে, যথা:—

(ক) স্টক ব্রোকারের ক্ষেত্রে, ফরম 'ক'-তে এবং তিন হাজার টাকার ফিস কমিশনের বরাবরে জমা দেখাইয়া একটি ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার;

(খ) স্টক ডিলারের ক্ষেত্রে, ফরম 'ক'-তে এবং পাচ হাজার টাকার ফিস কমিশনের বরাবরে জমা দেখাইয়া একটি ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার;

(গ) সাব-ব্রোকারের ক্ষেত্রে, ফরম 'খ'-তে এবং দুই হাজার টাকার ফিস কমিশনের বরাবরে জমা দেখাইয়া একটি ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার।

(২) স্টক ডিলার, স্টক ব্রোকার বা সাব-ব্রোকারের আবেদন পত্র সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের সুপারিশসহ কমিশন অফিসে দাখিল করিতে হইবে।

(৩) আবেদনকারী ফরমে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র এবং কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত হইলে অতিরিক্ত তথ্যাদি এবং কাগজপত্র উক্ত নির্দেশ মোতাবেক দাখিল করিবেন।

(৪) আবেদন সম্পর্কে সন্তুষ্ট হইলে উহা প্রাপ্তির অনধিক ৬০ (ষাট) দিনের মধ্যে কর্তৃপক্ষ উক্ত আবেদন মঞ্জুর করিয়া ফরম গ-তে নিবন্ধন সনদ প্রদান করিবে, অন্যথায় লিখিত কারণ উল্লেখপূর্বক উহা নামঞ্জুর করিবে এবং উক্ত সিদ্ধান্ত আবেদনকারীকে জানাইয়া দিবে।

৬। নিবন্ধন সনদের মেয়াদ।—প্রবিধান ৫ এর অধীন প্রদত্ত নিবন্ধন সনদের মেয়াদ হইবে উহা প্রদানের তারিখ হইতে এক বৎসর।

৭। নিবন্ধন সনদ নবায়ন।—(১) কোন নিবন্ধন সনদ নবায়নের উদ্দেশ্যে উহার মেয়াদ পূর্তির অন্যূন ৩০ (ত্রিশ) দিন পূর্বে উক্ত সনদের মূল কপিসহ নিম্নবর্ণিত ফরমে এবং নিম্নবর্ণিত ফিসহ আবেদন করিতে হইবে, যথা:—

(ক) স্টক ব্রোকারের ক্ষেত্রে, ফরম 'ঘ'-তে এবং এক হাজার টাকার ফিস কমিশনের বরাবর জমাকরণের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার;

(খ) স্টক ডিলারের ক্ষেত্রে, ফরম 'ঘ'-তে এবং দুই হাজার টাকার ফিস কমিশনের বরাবরে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার;

(গ) সাব-ব্রোকারের ক্ষেত্রে, ফরম 'ঙ'-তে এবং পাঁচশত টাকার ফিস জমাকরণের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার।

(২) নিবন্ধন সনদ নবায়নের উদ্দেশ্যে ফরমের সংশ্লিষ্ট অংশ সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ কর্তৃক পূরণ করাইয়া ফরমটি কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৩) নিবন্ধন সনদ নবায়নের আবেদন পত্রের সহিত সংশ্লিষ্ট ফরমে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র এবং কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত হইলে অতিরিক্ত তথ্যাদি এবং কাগজপত্র উক্ত নির্দেশ মোতাবেক দাখিল করিতে হইবে।

(৪) কর্তৃপক্ষ নবায়নের আবেদন সম্পর্কে সন্তুষ্ট হইলে উহা প্রাপ্তির অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিবন্ধন সনদের সংশ্লিষ্ট ছকে উহার সর্বশেষ মেয়াদের পরবর্তী ১ (এক) বৎসরের জন্য নবায়ন করিবে, অন্যথায় লিখিত কারণ উল্লেখপূর্বক উহা নাম মঞ্জুরক্রমে উক্ত সিদ্ধান্ত আবেদনকারীকে জানাইয়া দিবে।

৮। ডুপ্লিকেট নিবন্ধন সনদ ইস্যুকরণ।—(১) কোন নিবন্ধন সনদ হারাইয়া বা খোয়া গেলে, বা নষ্ট বা ব্যবহারের অনুপযুক্ত হইয়া গেলে কর্তৃপক্ষ নিম্নলিখিত শর্ত এবং পদ্ধতি পালন সাপেক্ষে উহার ডুপ্লিকেট কপি সংশ্লিষ্ট ষ্টক ব্রোকার, ষ্টক ডিলার বা সাব-ব্রোকারকে সরবরাহ করিতে পারিবে, যথা :—

(ক) নিবন্ধন সনদ হারাইয়া গেলে বা খোয়া গেলে সংশ্লিষ্ট ষ্টক ব্রোকার, ষ্টক ডিলার বা সাব-ব্রোকার বিষয়টি থানার সাধারণ ডাইরীতে লিপিবদ্ধ করাইবেন এবং তৎপর একটি দৈনিক পত্রিকায় হারানো বা খোয়া যাওয়ার বিষয়টি উল্লেখপূর্বক নিবন্ধন সনদটি ফেরত দানের অনুরোধ সম্বলিত একটি বিজ্ঞপ্তি প্রকাশ করিবেন ;

(খ) দফা (ক) অনুসারে বিজ্ঞপ্তি প্রকাশের এক সপ্তাহ পরে ডুপ্লিকেট সনদ ইস্যুর আবেদন জানাইয়া সংশ্লিষ্ট ষ্টক ব্রোকার, ষ্টক ডিলার বা সাব-ব্রোকার কর্তৃপক্ষের নিকট সাদা কাগজে একটি দরখাস্ত করিবেন এবং উক্ত দরখাস্তের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিবেন :-

(অ) কমিশনের বরাবরে ১০০ (একশত) টাকা ফিস জমা দেখাইয়া একটি ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার;

(আ) নিবন্ধন সনদ হারাইয়া ও খোয়া যাওয়ার ক্ষেত্রে দফা (ক)তে উল্লিখিত ডাইরীর সত্যায়িত নকল এবং বিজ্ঞপ্তির অনুলিপি; এবং

(ই) নিবন্ধন সনদ নষ্ট বা ব্যবহারের অনুপযুক্ত হওয়ার ক্ষেত্রে সনদের অবশিষ্ট অংশ (যদি থাকে)।

(২) উপ-প্রবিধান (১) অনুসারে দাখিলকৃত দরখাস্ত সম্পর্কে সন্তুষ্ট হইলে কর্তৃপক্ষ উহা প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট রেজিষ্টার এবং অন্যান্য তথ্যাদির ভিত্তিতে ডুপ্লিকেট নিবন্ধন সনদ ইস্যু করিবেন, অন্যথায় লিখিত কারন উল্লেখপূর্বক দরখাস্ত নামঞ্জুরক্রমে উক্ত সিদ্ধান্ত দরখাস্তকারীকে জানাইয়া দিবে।

৯। রেজিষ্টার।—প্রবিধান ৫ এর অধীন প্রদত্ত সনদ এবং প্রবিধান ৬ এর অধীনে মঞ্জুরকৃত নবায়ন সংক্রান্ত মৌলিক তথ্যাদি একটি রেজিষ্টারে লিপিবদ্ধ করিতে হইবে।

১০। সনদপ্রাপ্ত ব্যক্তির কর্তব্য।—প্রত্যেক ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার এবং সাব-ব্রোকার সর্বোচ্চ সততা ও বিশ্বস্ততার সহিত তাহার কাজকর্ম পরিচালনা করিবেন এবং বিশেষতঃ আইন, এই প্রবিধানমালা এবং তফসিল-২তে বিধৃত আচরণ বিধিসহ নিবন্ধন সনদের শর্তাবলী পালন করিবেন।

১১। নিবন্ধন সনদ বাতিল, স্থগিতকরণ, ইত্যাদি।—(১) কোন ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার বা সাব-ব্রোকার প্রবিধান ৩ অনুসারে তাহার যোগ্যতা হারাইলে বা আইন বা এই প্রবিধানমালার কোন বিধান বা নিবন্ধন সনদের কোন শর্ত ভংগ করিলে কর্তৃপক্ষ তাহার সনদ বাতিল করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, এই প্রবিধানের অধীনে কোন সনদ বাতিলের পূর্বে কর্তৃপক্ষ বাতিলের কারণ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার বা সাব-ব্রোকারকে অন্ততঃ ৭ (সাত) দিনের একটি নোটিশ প্রদানপূর্বক তাহার বক্তব্য লিখিতভাবে উপস্থাপনের সুযোগ প্রদান করিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন নোটিশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার বা সাব-ব্রোকার তাহার বক্তব্য নোটিশে নির্ধারিত সময়ের মধ্যে উপস্থাপন করিলে কর্তৃপক্ষ উক্ত বক্তব্য এবং উপ-প্রবিধান (৩) এর অধীনে দাখিলকৃত তদন্ত প্রতিবেদন বিবেচনাক্রমে এবং প্রয়োজনবোধে তাহাকে ব্যক্তিগত বা প্রতিনিধির মাধ্যমে শুনানীর সুযোগ প্রদান করিয়া প্রস্তাবিত বাতিল সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং সিদ্ধান্তটি লিখিতভাবে জানাইয়া দিবে।

(৩) এই প্রবিধানের অধীন সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে কর্তৃপক্ষ প্রয়োজন মনে করিলে একজন তদন্তকারী নিয়োগ করিতে পারিবেন এবং এইরূপ তদন্তকারী কর্তৃপক্ষের নির্দেশ অনুসারে তদন্ত কার্য সম্পন্ন করিয়া একটি প্রতিবেদন দাখিল করিবেন।

(৪) তদন্তকারী সংশ্লিষ্ট ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার, সাব-ব্রোকার এবং অন্যান্য ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করিতে এবং সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষা করিতে এবং প্রয়োজনবোধে উহার নকল লইতে পারিবেন এবং এই ব্যাপারে সংশ্লিষ্ট সকলে তদন্তকারীকে সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

(৫) উপ-প্রবিধান (২) এর অধীনে কোন নিবন্ধন সনদ বাতিল করা হইলে উক্ত সিদ্ধান্তের একটি অনুলিপি সংশ্লিষ্ট ষ্টক এক্সচেঞ্জে প্রেরণ করিতে হইবে এবং বিষয়টি প্রবিধান ৯ তে উল্লিখিত রেজিষ্টারে লিপিবদ্ধ করিতে হইবে।

(৬) কর্তৃপক্ষ কোন বিশেষ ক্ষেত্রে যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, এই প্রবিধানের অধীনে কোন নিবন্ধন সনদ বাতিলের সিদ্ধান্ত গ্রহণের পূর্বেই উহার কার্যকরতা স্থগিত করা প্রয়োজন তাহা হইলে উপ-প্রবিধান (১) এর শর্তাংশ অনুসারে নোটিশ জারীর পূর্বে বা পরে যে কোন সময় উক্ত সনদের কার্যকরতা স্থগিত করিতে পারিবে এবং তাহা করা হইলে বিষয়টি সম্পর্কে সংশ্লিষ্ট ষ্টক এক্সচেঞ্জকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(৭) উপ-প্রবিধান (৬) এর অধীনে কোন নিবন্ধন সনদের কার্যকরতা স্থগিত করা হইলে সংশ্লিষ্ট ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার বা সাব-ব্রোকার সনদের ভিত্তিতে কোন কাজকর্ম করিতে পারিবেন না।

১২। ষ্টক ব্রোকার, সাব-ব্রোকার ও ষ্টক ডিলারের হিসাব বহি, নথিপত্র ইত্যাদি।—(১) প্রত্যেক ষ্টক ব্রোকার, ষ্টক ডিলার এবং সাব-ব্রোকার নিম্নবর্ণিত হিসাব বহি, নথিপত্র, রেজিষ্টার ও দলিলাদি সংরক্ষণ করিবেন:—

(ক) ষ্টক ব্রোকার বা ষ্টক ডিলার বা সাব-ব্রোকার হিসাবে কৃত আয়-ব্যয় এবং অর্জিত সম্পত্তি ও দায়-দেনার একটি হিসাব বহি।

(খ) মক্কেলদের নাম ঠিকানা এবং তাহাদের সহিত কৃত লেনদেনের হিসাব সম্বলিত একটি বহি।

(গ) মক্কেলগণের সহিত সম্পাদিত চুক্তিপত্রের মুড়ি (counter foil) বা উক্ত চুক্তিপত্রের অনুলিপি;

(ঘ) একটি সিকিউরিটি রেজিষ্টার যাহাতে ষ্টক ডিলার, ষ্টক-ব্রোকার বা সাব-ব্রোকার হিসাবে প্রাপ্ত, অর্জিত এবং নিষ্পত্তিকৃত সিকিউরিটি সম্পর্কিত তথ্যাদি এবং সংশ্লিষ্ট কাগজপত্রের তালিকা ও অন্যান্য তথ্য লিপিবদ্ধ থাকিবে।

(২) কোন ষ্টক ব্রোকার বা ষ্টক ডিলারের অধীনে সাব-ব্রোকার থাকিলে তিনি উপ-প্রবিধান (১) এ উল্লিখিত হিসাব বহি, রেজিষ্টার এবং দলিলপত্র ছাড়াও নিম্নবর্ণিত দলিলাদি সংরক্ষণ করিবেন:—

(ক) সাব-ব্রোকারের দায়িত্ব এবং কাজের পরিধি সম্বলিত চুক্তিপত্র;

(খ) একাধিক সাব-ব্রোকার থাকিলে তাহাদের নাম ঠিকানা সম্বলিত তালিকা;

(গ) সাব-ব্রোকার হিসাবে তাহার সহিত কৃত লেনদেনের হিসাব।

(৩) ষ্টক ব্রোকার বা ষ্টক ডিলার বা সাব-ব্রোকার হিসাবে তিনি যে সকল লেনদেন নগদ অর্থে বা হস্তান্তরযোগ্য দলিল (negotiable instrument) বা কোন সিকিউরিটির মাধ্যমে সম্পন্ন করেন উহার জন্য একটি স্বতন্ত্র ব্যাংক হিসাব খুলিবেন এবং উক্ত সকল লেনদেন উক্ত ব্যাংক হিসাবে প্রদর্শন করিতে হইবে।

(৪) প্রত্যেক ষ্টক ব্রোকার ও ষ্টক ডিলার, তাহার প্রতি প্রযোজ্য অন্য কোন আইন অনুসারে কোন অর্থ বৎসর এর ভিত্তিতে লাভ-ক্ষতির হিসাব প্রস্তুত করিতে হইলে, উক্ত অর্থ বৎসর শেষ হইবার তিন মাসের মধ্যে এবং তাহার ক্ষেত্রে এইরূপ অর্থ-বৎসর প্রযোজ্য না হইলে প্রতি ইংরেজী পঞ্জিকা বৎসরের শেষ হইবার পরবর্তী তিন মাসের মধ্যে, উক্ত অর্থ বৎসর বা ক্ষেত্রমত পঞ্জিকা বৎসরের লাভ-ক্ষতি হিসাব এবং একটি ব্যালান্স শীট কমিশনের নিকট দাখিল করিবেন:

তবে শর্ত থাকে যে, উক্ত লাভ-ক্ষতির হিসাব এবং ব্যালান্স শীট দাখিলের উপরি-উক্ত সময়সীমা কমিশন অনধিক ৩০ দিন পর্যন্ত বর্ধিত করিতে পারিবে।

(৫) কমিশন এই প্রবিধানের অধীন রক্ষণীয় হিসাব বহি, রেজিষ্টার এবং অন্যান্য দলিলাদি সংরক্ষণ এবং লাভ-ক্ষতির হিসাব ও ব্যালান্স শীট প্রস্তুতকরণের পদ্ধতি সময় সময় আদেশ দ্বারা নির্ধারণ করিতে পারিবে।

১৩। হিসাব বহি ইত্যাদি সংরক্ষণের মেয়াদ।—প্রবিধান ১২তে উল্লিখিত হিসাব বহি, রেজিষ্টার, চুক্তিপত্র, লাভ-ক্ষতির হিসাব, ব্যালান্স শীট এবং অন্যান্য দলিলপত্র অন্যূন ৫ বৎসর যাবৎ সংরক্ষণ করিতে হইবে এবং কোন নির্দিষ্ট দলিলের ক্ষেত্রে কমিশন নির্দেশ দিলে উহা অনধিক ১০ বৎসর পর্যন্ত সংরক্ষণ করিতে হইবে।

১৪। টক ব্রোকার ইত্যাদির বিষয়াবলী পরিদর্শন।—(১) আইনের অধীনে উহার দায়িত্ব এবং কার্যাবলী সম্পাদন এবং এই প্রবিধানমালার বিধানাবলী পালিত হইতেছে কিনা তাহা নিশ্চিতকরণের উদ্দেশ্যে কমিশন নিজ উদ্যোগে অথবা তৎকর্তৃক প্রাপ্ত কোন অভিযোগ বা তথ্যের ভিত্তিতে প্রয়োজন মনে করিলে যে কোন ষ্টক ব্রোকার বা ষ্টক ডিলার বা সাব-ব্রোকার এর হিসাব বহি, রেজিষ্টার এবং অন্যান্য দলিলপত্র পরিদর্শন করিতে পারিবে এবং এতদুদ্দেশ্যে উহার অধীনস্থ যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে পরিদর্শক হিসাবে নিয়োগ করিতে পারিবে।

১৫। পরিদর্শনের পদ্ধতি ইত্যাদি।—(১) পরিদর্শক কমিশন কর্তৃক নির্দেশিত বিষয় পরিদর্শনের উদ্দেশ্যে অন্যূন ৩(তিন) দিন অথবা কমিশন কর্তৃক অনুমোদিত হইলে তদপেক্ষা কম সময়ের একটি নোটিশ প্রদানপূর্বক পরিদর্শনের বিষয়বস্তু সম্পর্কে সংশ্লিষ্ট ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার বা সাব-ব্রোকারকে অবহিত করিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন নোটিশ প্রাপ্ত হইলে সংশ্লিষ্ট ষ্টক ব্রোকার, ষ্টক ডিলার বা সাব-ব্রোকার পরিদর্শকের চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট সকল হিসাব বহি, রেজিষ্টার এবং অন্যান্য সকল দলিলপত্র এবং সংশ্লিষ্ট তথ্যাদি সরবরাহ করিতে এবং পরিদর্শন কার্য সুষ্ঠু-ভাবে সম্পাদনের নিমিত্তে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানে বাধ্য থাকিবেন।

(৩) পরিদর্শক কমিশনের নিকট হইতে পরিদর্শনের নির্দেশ প্রাপ্তির পর পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে পরিদর্শন সমাপ্ত করিবেন এবং পরিদর্শনের প্রাপ্ত ফলাফল একটি প্রতিবেদন আকারে কমিশনের নিকট দাখিল করিবেন।

(৪) কমিশন উক্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অথবা অধিকতর পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করিবে এবং উপ-প্রবিধান (১) এ উল্লিখিত অভিযোগকারীসহ সংশ্লিষ্ট সকলকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে অবহিত করিবে।

১৬। আপীল।—(১) কোন ষ্টক ব্রোকার, ষ্টক ডিলার বা সাব-ব্রোকার বা কোন অভিযোগকারী এই প্রবিধানমালার অধীন প্রদত্ত কোন আদেশ দ্বারা সংক্ষুব্ধ হইলে তিনি উক্ত আদেশের অনুলিপি প্রাপ্তির ১৫ দিনের মধ্যে কমিশনের নিকট আপীল দায়ের করিতে পারিবেন।

(২) উক্ত আপীল ফরম 'চ'তে এবং কমিশনের বরাবরে ১০০ (একশত) টাকা ফিস জমাকরণের ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডারসহ দাখিল করিতে হইবে।

(৩) ফরম 'চ'তে উল্লিখিত তথ্যাদির অতিরিক্ত তথ্যাদি প্রয়োজন হইলে তাহা সাদা কাগজে লিপিবদ্ধ করিয়া দাখিল করা যাইবে এবং আপীলে উপস্থাপিত বক্তব্যের সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করা যাইবে।

(৪) কমিশন আপীল বিবেচনার সুবিধার্থে আপীলকারীকে ব্যক্তিগতভাবে বা প্রতিনিধির মাধ্যমে শুনানীর সুযোগ দিতে পারিবে এবং আপিলকারী বা তাহার প্রতিনিধির নিকট হইতে প্রয়োজনীয় কাগজপত্র বা তথ্য তলব করিতে পারিবে।

(৫) কমিশন আপীলের দরখাস্ত প্রাপ্তি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপীলটি নিস্পত্তিক্রমে উহার সিদ্ধান্ত আপীলকারীকে জানাইয়া দিবে।

(৬) আপীলে প্রদত্ত সিদ্ধান্ত অনুসারে কোন ষ্টক ডিলার, সাব-ব্রোকার বা ষ্টকব্রোকারের সনদ বাতিল হইলে উক্ত সিদ্ধান্তের একটি অনুলিপি সংশ্লিষ্ট ষ্টক এক্সচেঞ্জকে প্রদান করিতে হইবে।

(৭) প্রবিধান ১১(৬) এর অধীনে কোন নিবন্ধন সনদের কার্যকরতা স্থগিত হইলে আপীল নিস্পত্তি না হওয়া পর্যন্ত উহার কার্যকরতা বহাল থাকিবে।

১৭। পুনঃ বিবেচনা।—প্রবিধান ১৬ এর অধীন প্রদত্ত সিদ্ধান্ত কমিশন নিজ উদ্যোগে বা সংশ্লিষ্ট ব্যক্তির আবেদনের ভিত্তিতে পুনঃ বিবেচনা করিতে পারিবেন এবং ঐ ক্ষেত্রে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

১৮। ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকারের সনদ বাতিলের ক্ষেত্রে অধীনস্থ সাব-ব্রোকারের অবস্থান।—এই প্রবিধানমালার অধীনে কোন ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকারের সনদ বাতিল বা স্থগিত করা হইলে তাহার অধীনস্থ কোন সাব-ব্রোকার উক্ত ষ্টক ব্রোকার বা ষ্টক ডিলারের পক্ষে সিকিউরিটি ক্রয়-বিক্রয় বা কারবার করিতে পারিবেন না, তবে উক্তরূপ বাতিলের ফলে অন্য কোন ষ্টক ব্রোকার বা ষ্টক ডিলারের অধীনে সাব-ব্রোকার হিসাবে কাজ করার ক্ষেত্রে কোন বাধা থাকিবে না।

১৯। নোটিশ ইত্যাদি জারীকরণ।—এই প্রবিধানমালার অধীনে কোন নোটিশ জারীর প্রয়োজন হইলে বা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে কোন আদেশ বা অন্য কিছু সম্পর্কে অবহিত করার প্রয়োজন হইলে উক্ত ব্যক্তিকে বা উক্ত প্রতিষ্ঠানের ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধির নিকট ব্যক্তিগতভাবে নোটিশ জারী করা যাইবে বা সংশ্লিষ্ট বিষয় অবহিত করা যাইবে; অন্যথায় উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির সর্বশেষ জানা ঠিকানায় রেজিষ্টার্ড ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে নোটিশ বা সংশ্লিষ্ট বিষয় লিখিতভাবে প্রেরণ বা অবহিত করা যাইবে।

২০। ক্রান্তিকালীন বিধান।—এই প্রবিধানমালা প্রবর্তনের পর ৮ই জুন, ১৯৯৪ ইং তারিখের পর কমিশন কর্তৃক প্রদত্ত নিবন্ধন সনদ ব্যতীত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার বা সাব-ব্রোকার হিসাবে কোন সিকিউরিটি ক্রয়-বিক্রয় বা ইহার কারবার চালাইতে পারিবেন না, তবে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান ষ্টক ব্রোকার বা ষ্টক ডিলার বা সাব-ব্রোকার হিসাবে সনদ প্রাপ্তির জন্য উক্ত সময়ের মধ্যে কমিশন বরাবরে আবেদন দাখিল করিয়া থাকিলে আবেদন দাখিলের প্রমাণস্বরূপ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত একটি স্বীকৃতিপত্রের ভিত্তিতে তিনি কর্তৃপক্ষ কর্তৃক তাঁহার আবেদনপত্র নাকচ না হওয়া পর্যন্ত সিকিউরিটি ক্রয়-বিক্রয় বা কারবার চালাইয়া যাইতে পারিবেন।

তফসিল ১

(ফরমসমূহ)

ফরম 'ক'

[সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (ষ্টক-ব্রোকার, ষ্টক-ডিলার ও সাব-ব্রোকার) প্রবিধানমালা, ১৯৯৪ এর প্রবিধান ৫(১)(ক)ও(খ) দ্রষ্টব্য]

ষ্টক-ব্রোকার/ষ্টক-ডিলার হিসাবে নিবন্ধন সনদপ্রাপ্তির জন্য সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের নিকটে আবেদনপত্র (অপ্রযোজ্যটি কাটিয়া দিন)।

১। আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম :

২। আবেদনকারী ব্যক্তির পিতার নাম :

৩। আবেদনকারীর ঠিকানা :

(ক) স্থায়ী ঠিকানা :

(খ) বর্তমান ঠিকানা :

(গ) অফিসের ঠিকানা :

৪। আবেদনকারী যে ষ্টক-এক্সচেঞ্জের সদস্য উহার নাম ও ঠিকানা। :

(খ) সদস্য হিসাবে কোড নং :

(গ) সদস্য হওয়ার তারিখ :

৫। আবেদনকারী কি হিসাবে সনদপ্রার্থী (অপ্রযোজ্যটি কাটিয়া দিন) : ষ্টক-ব্রোকার/ষ্টক-ডিলার

৬। আবেদনকারীর আইনগত মর্যাদা (অপ্রযোজ্যটি কাটিয়া দিন)। : একক ব্যক্তি/অংশীদারী কারবার/কোম্পানী/সংবিধিবদ্ধ সংস্থা।

৭। আবেদনকারী একক ব্যক্তি হইলে শিক্ষাগত যোগ্যতা। :

৮। আবেদনকারী কোন প্রতিষ্ঠান হইতে উহার পক্ষে স্বাক্ষরকারী ব্যক্তির নাম ও প্রদত্ত ক্ষমতার সংক্ষিপ্ত বিবরণ (ক্ষমতাপত্রের অনুলিপি দাখিল করুন)। :

৯। আবেদনকারীর অফিস ও বাসায় ফ্যাক্স, টেলেক্স ও ফোন নং (যদি থাকে)। :

১০। সিকিউরিটিজ ব্যবসায়ে অভিজ্ঞতা (যদি থাকে)। :

১১। তিনি সংশ্লিষ্ট ষ্টক-এক্সচেঞ্জ তালিকাভুক্ত কোন কোম্পানীর পরিচালক কিনা। :

১২। নীট মূলধন স্থিতি :

১৩। কর্মচারীর সংখ্যা :

১৪। অন্যান্য তথ্যাদি :

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য ও সঠিক।

তারিখ ............ ............................ আবেদনকারীর স্বাক্ষর।

### ষ্টক-এক্সচেঞ্জের সুপারিশ

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, উপরি-উক্ত আবেদনকারী .............. ..........................................(নাম লিখুন) অত্র ষ্টক-এক্সচেঞ্জের একজন সদস্য/সদস্য নহেন। তাহার/উহার সদস্য কোড নং .......... এবং সদস্যভুক্তির তারিখ ......................। সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনে তাহাকে/উহাকে সনদ প্রদানের জন্য সুপারিশ করা হইল/সুপারিশ করা হইল না।

...........................
চেয়ারম্যান/সচিব,

তারিখ ........................ নাম: ..............................

পদবী ও সীল ..................

.............................ষ্টক-এক্সচেঞ্জ।

বি: দ্র: অপ্রযোজ্য শব্দগুলি কাটিয়া দিন।

ফরম 'খ'

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (ষ্টক ব্রোকার, ষ্টক ডিলার এবং সাব-ব্রোকার) প্রবিধানমালা, ১৯৯৪ এর প্রবিধান ৫ (১) (গ) দ্রষ্টব্য।

সাব-ব্রোকার হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের নিকট আবেদন পত্র

১। আবেদনকারীর নাম :

২। আবেদনকারীর পিতার নাম :

৩। আবেদনকারীর ঠিকানা :
(ক) স্থায়ী :
(খ) বর্তমান :
(গ) ব্যবসা স্থল :

৪। আবেদনকারীর জন্ম তারিখ ও বয়স :

৫। শিক্ষাগত যোগ্যতা ও পেশাগত প্রশিক্ষণ :

৬। (ক) উপরস্থ ষ্টক-এক্সচেঞ্জ সদস্য/ ষ্টক-ব্রোকার/ষ্টক ডিলারের নাম ঠিকানা। :
(খ) তাহার সহিত সম্পাদিত চুক্তিপত্রের মেয়াদ (অনুলিপি দাখিল করুণ)। :

৭। সুপারিশকারী ষ্টক এক্সচেঞ্জ তালিকাভুক্ত কোন কোম্পানীর পরিচালক কিনা :

৮। সাব-ব্রোকার হিসাবে নিয়োগ প্রাপ্তির তারিখ :

৯। সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়/ব্যবসার অভিজ্ঞতা (যদি থাকে) :

১০। কর্মচারীর সংখ্যা (যদি থাকে) :

১১। অন্যান্য তথ্যাবলী :

আমি এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, এই আবেদন পত্রে যে তথ্যাদি দেওয়া হইয়াছে তাহা আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য ও সঠিক।

আমি যে ষ্টক-এক্সচেঞ্জ-সদস্য/ষ্টক-ব্রোকার/ষ্টক-ডিলারের অধীনস্থ তাহার/উহার এবং তৎসংশ্লিষ্ট ষ্টক-এক্সচেঞ্জের সুপারিশ পত্র ইহার সহিত সংযুক্ত হইল।

..............................

আবেদনকারীর স্বাক্ষর

তারিখ.................।

বিঃ দ্রঃ অপ্রযোজ্য শব্দগুলি কাটিয়া দিন।

আবেদনকারী যে ষ্টক-এক্সচেঞ্জের-সদস্য/ষ্টক-ব্রোকার/ষ্টক-ডিলার এর
অধীনস্থ তাহার সুপারিশ পত্র

আমি/আমরা এই মর্মে নিশ্চয়তা প্রদান করিতেছি যে জনাব/জনাবা ........ ... .. .. ... .. ... ..পিতা.. .. ... ... ... .. ...
ঠিকানা..... .. ... .. ... .. ... ... .. .. .. .. ..
.. .. .. .. ..আমার/আমাদের অধীনে সাব-ব্রোকার হিসেবে সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় এবং কারবার এর জন্য চুক্তিবদ্ধ হইয়াছেন। আমার/আমাদের জানামতে তিনি একজন সৎ ও উত্তম চরিত্রের অধিকারী ব্যক্তি। তাহার আর্থিক স্বচ্ছলতা রহিয়াছে। আমি/আমরা ইহাও ব্যক্ত করিতেছি যে, আবেদন পত্রে তাহার প্রদত্ত তথ্যাবলী আমার/আমাদের জ্ঞান ও বিশ্বাস মতে সত্য এবং তাহার এই আবেদনপত্র দাখিলের পরবর্তী কোন সময়ে কোন গুরুত্বপূর্ণ তথ্য জানা গেলে তাহা কমিশনকে অবহিত করিবার জন্য আমি/আমরা অংঙ্গিকার করিতেছি।

সাব-ব্রোকার হিসাবে তাহাকে নিবন্ধন সনদ প্রদানের জন্য আমি/আমরা সুপারিশ করিতেছি।

তারিখ ... .. .. ..।

.. .. .. .. ..

ষ্টক এক্সচেঞ্জ-সদস্য/সাব-ব্রোকার/ষ্টক-ডিলার
নাম.. .. ... .. .. ...
ঠিকানা .. .. .. .. ..

ষ্টক এক্সচেঞ্জের সুপারিশ পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, উপরি-উক্ত প্রত্যয়নকারী.. .. .. .. .. .. .. .. .. .. .. .. ..অত্র স্টক এক্সচেঞ্জের একজন সদস্য/সদস্য নহেন। তাহার/উহার সদস্য কোড নং.. .. .. .. .. ....এবং সদস্যভুক্তির তারিখ .. .. .. .. ..। তাহার/উহার সুপারিশকৃত আবেদনকারীকে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনার একজন সাব-ব্রোকার হিসাবে সনদ প্রদানের জন্য সুপারিশ করা হইল/হইল না।

.. .. .. .. ... ...

চেয়ারম্যান/সচিব
নাম.. .. .. ... ...
পদবী ও সীল.. ... ... ...
.. .. .. .. .. ..ষ্টক-এক্সচেঞ্জ।

বিঃ দ্রঃ অপ্রযোজ্য শব্দগুলি কাটিয়া দিন।

ফরম 'গ'

[সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (ষ্টক-ব্রোকার, ষ্টক-ডিলার ও সাব-ব্রোকার) প্রবিধানমালা, ১৯৯৪ এর প্রবিধান ৫(৪) দ্রষ্টব্য]

(কমিশনের মনোগ্রাম)

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন

ষ্টক-ব্রোকার/ষ্টক-ডিলার/সাব-ব্রোকারের নিবন্ধন সনদ

নিবন্ধন ক্রমিক নং·················

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ১০ ধারার(১) উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে এবং উপরি-উক্ত প্রবিধানমালা অনুসারে এতদ্বারা················ ························(নাম লিখুন), ································ ঠিকানা······································································কে একজন নিবন্ধনকৃত ষ্টক-ডিলার/ষ্টক-ব্রোকার/সাব-ব্রোকার হিসাবে এই নিবন্ধন সনদ প্রদান করা হইল। তিনি এই সনদে উল্লিখিত শর্তাধীনে সিকিউরিটি ক্রয়-বিক্রয় এবং উহার কারবার করিতে পারিবেন।

এই নিবন্ধন সনদ··················তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে এবং পরবর্তীতে উহা ২য় এবং ৩য় পৃষ্ঠায় বর্ণিত ছকে নবায়ন করা যাইবে।

································

সনদ প্রদানের তারিখ ··············· সনদ প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর

নাম:·······················

পক্ষে পদবী ও সীল··············

[প্রবিধান ৭(৩) দ্রষ্টব্য]

ষ্টক-ব্রোকার/ষ্টক-ডিলার/সাব-ব্রোকার-এর

নাম:.............................

ঠিকানা:..............................

নিবন্ধন সনদ (ক্রমিক নং.........) এর নবায়নপত্র

| যে তারিখ পর্যন্ত নবায়িত। | পরিবর্তিত ঠিকানা, আইনগত মর্যাদা ইত্যাদি। | কর্তৃপক্ষের স্বাক্ষর, সীল ও তারিখ |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |
| ৩। | | |
| ৪। | | |
| ৫। | | |
| ৬। | | |
| ৭। | | |
| ৮। | | |
| ৯। | | |
| ১০। | | |

[প্রবিধান ৭(৩) দ্রষ্টব্য]

ষ্টক-ব্রোকার/ষ্টক-ডিলার/সাব-ব্রোকার-এর

নাম :.........................

ঠিকানা :.........................

নিবন্ধন সনদ (ক্রমিক নং.........) এর নবায়নপত্র

| যে তারিখ পর্যন্ত নবায়িত। | পরিবর্তিত ঠিকানা, আইনগত মর্যাদা ইত্যাদি। | কর্তৃপক্ষের স্বাক্ষর, সীল ও তারিখ। |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |
| ৩। | | |
| ৪। | | |
| ৫। | | |
| ৬। | | |
| ৭। | | |
| ৮। | | |
| ৯। | | |
| ১০। | | |

(ষ্টক-ডিলার, ষ্টক-ব্রোকার ও সাব-ব্রোকার এর নিবন্ধন সনদের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী।)

সকলের ক্ষেত্রে শর্তাবলী

১। এই সনদ বিক্রয়, দান বা অন্য কোন ভাবে হস্তান্তর বা উত্তরাধিকারবলে এই সনদের অধীনে সিকিউরিটি ক্রয়-বিক্রয় বা কারবার করা যাইবে না।

২। সনদপ্রাপক, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (ষ্টক-ডিলার, ষ্টক-ব্রোকার ও সাব-ব্রোকার) প্রবিধানমালা, ১৯৯৪ এর তফসিল-২ এ বর্ণিত আচরণ বিধি এবং উক্ত প্রবিধানমালার অন্যান্য বিধান এবং এই সনদের সকল শর্ত মানিয়া চলিতে বাধ্য। অন্যথায় তাহার এই সনদ বাতিলযোগ্য।

৩। সনদ প্রাপক উপরি-উক্ত প্রবিধানমালার প্রবিধান ১২ অনুসারে প্রয়োজনীয় হিসাব-বহি, রেজিষ্টার, নথিপত্র ও অন্যান্য দলিলাদি সংরক্ষণ করিবেন।

৪। সনদ প্রাপক তাহার বিষয়াবলী কমিশনকর্তৃক তদন্ত বা পরিদর্শনের ক্ষেত্রে তদন্ত-কারী বা পরিদর্শকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় দলিলাদি ও তথ্য এবং যুক্তিসংগত সকল সহযোগিতা প্রদান করিতে বাধ্য থাকিবে।

৫। সনদ প্রাপকের নিকট তাহার কোন মক্কেল কোন অভিযোগ উত্থাপন করিলে উক্ত অভিযোগ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রয়োজনীয় প্রতিকার গ্রহণের জন্য যুক্তিসংগত এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে এবং তৎসম্পর্কে মক্কেলকে অবহিত করিতে হইবে।

৬। প্রতি ইংরেজী পঞ্জিকা বৎসরের ৩১শে ডিসেম্বর পর্যন্ত প্রাপ্ত অভিযোগের প্রকৃতি, সংখ্যা এবং তৎসম্পর্কে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে সনদ প্রাপক পরবর্তী ফেব্রুয়ারী মাসের মধ্যে কমিশনের নিকট একটি প্রতিবেদন দাখিল করিবেন।

৭। কোন ষ্টক এক্সচেঞ্জের সদস্যভুক্ত ষ্টক-ব্রোকার এবং ষ্টক-ডিলার এবং এইরূপ ব্রোকার বা ডিলারের অধিনস্থ সাব-ব্রোকার উক্ত ষ্টক এক্সচেঞ্জের তালিকাভুক্ত কোম্পানীর পরিচালক হইতে বা থাকিতে পারিবেন না।

ষ্টক ডিলার ও ষ্টক-ব্রোকারের ক্ষেত্রে প্রযোজ্য বিশেষ শর্তাবলী

৮। ষ্টক-ডিলার বা ষ্টক-ব্রোকার যে ষ্টক এক্সচেঞ্জের সদস্য উহার সহিত সংশ্লিষ্ট আইন, বিধি বিধান এবং অন্যান্য প্রযোজ্য শর্ত মানিয়া চলিবেন।

৯। ষ্টক-ব্রোকার বা ষ্টক-ডিলার কোন অংশীদারী কারবার বা কোম্পানী বা কোন সংবিধিবদ্ধ সংস্থা হইলে এবং সনদ প্রাপ্তির পর উক্ত প্রতিষ্ঠানের কাঠামোতে বা আইনগত মর্যাদার কোন পরিবর্তন হইলে তাহা উক্ত পরিবর্তনের ৩০ দিনের মধ্যে কমিশনকে লিখিত-ভাবে অবহিত করিতে হইবে।

১০। ষ্টক-ডিলার এবং ষ্টক-ব্রোকার তাহার কাজকর্ম পরিচালনার জন্য প্রয়োজনীয় অফিস, সরঞ্জাম এবং লোকবলের ব্যবস্থা রাখিবেন।

১১। ষ্টক-ডিলার এবং ষ্টক-ব্রোকার প্রবিধান ১২(৪) অনুসারে আয়-ব্যয়ের হিসাব এবং লাভ-ক্ষতির হিসাব সম্পর্কিত একটি ব্যালান্সশীট কমিশনের নিকট দাখিল করিবেন।

ফরম 'ঘ'

[সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (ষ্টক-ব্রোকার, ষ্টক-ডিলার ও সাব-ব্রোকার) বিধিমালা, ১৯৯৪ এর প্রবিধান ৭(১)(ক) ও (খ) দ্রষ্টব্য]

ষ্টক-ব্রোকার ও ষ্টক-ডিলারের নিবন্ধন-সনদ নবায়নের আবেদন পত্র

১। ষ্টক-ব্রোকার/ষ্টক-ডিলারের নাম :

২। নিবন্ধন সনদের ক্রমিক নং :

৩। সনদ প্রদান/সর্বশেষ নবায়ন তারিখ :

৪। পরিবর্তিত ঠিকানা (যদি থাকে) :
(ক) স্থায়ী :
(খ) বর্তমান :
(গ) অফিস :
(ঘ) টেলিফোন/টেলেক্স/ফ্যাক্স নং :

৫। প্রতিষ্ঠানের কোন কাঠামোগত বা আইনগত পরিবর্তন হইলে উহার সংক্ষিপ্ত বর্ণনা :

৬। সুপারিশকারী ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোন কোম্পানীর পরিচালক কি না :

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

..................

তারিখ........ আবেদনকারীর স্বাক্ষর।

ষ্টক এক্সচেঞ্জের সুপারিশ

এই মর্মে প্রত্যায়ন করা যাইতেছে যে.................... (নাম লিখুন) ঠিকানা........................বর্তমানে অত্র ষ্টক এক্সচেঞ্জের একজন সদস্য/সদস্য নহেন। সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনকর্তৃক তাহার নিবন্ধন সনদ নবায়নের আবেদন মঞ্জুর করার জন্য সুপারিশ করা হইল/সুপারিশ করা হইল না।

..............

তারিখ............ (চেয়ারম্যান/সচিব)

..............ষ্টক এক্সচেঞ্জ।

বিঃ দ্রঃ অপ্রযোজ্য শব্দগুলি কাটিয়া দিন।

ফরম 'ঙ'

সিকিউরিটি ও এক্সচেঞ্জ কমিশন (ষ্টক-ব্রোকার, ষ্টক-ডিলার ও সাব-ব্রোকার) প্রবিধানমালা, ১৯৯৪ এর প্রবিধান ৭(১)(গ) দ্রষ্টব্য।

সাব-ব্রোকার হিসাবে নিবন্ধন সনদ নবায়নের আবেদনপত্র।

১। আবেদনকারীর নাম :

২। সাব-ব্রোকার হিসাবে প্রাপ্ত নিবন্ধন সনদের ক্রমিক নং এবং তারিখ :

৩। নিবন্ধন সনদ প্রদান/সর্বশেষ নবায়নের তারিখ :

৪। পরিবর্তিত ঠিকানা (যদি থাকে) :

(ক) স্থায়ী ঠিকানা :

(খ) বর্তমান ঠিকানা :

(গ) অফিসের ঠিকানা :

(ঘ) টেলিফোন/টেলেক্স/ফ্যাক্স নং :

৫। বর্তমানে যে ষ্টক-ডিলার/ষ্টক-ব্রোকার এর অধীন কর্মরত তাহার—

নাম :

ঠিকানা :

নূতন চুক্তিপত্র (অনুলিপি দাখিল করুন) :

৬। সুপারিশকারী ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোন কোম্পানীর পরিচালক কি না। :

আমি এই মর্মে প্রত্যায়ন করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য ও সঠিক। আমার উপরিস্থ ষ্টক-ব্রোকার/ষ্টক-ডিলার এবং সংশ্লিষ্ট ষ্টক-এক্সচেঞ্জের সুপারিশ পত্র নিম্নে প্রদত্ত হইল।

.....................

আবেদনকারীর স্বাক্ষর

উপরস্থ ষ্টক-ব্রোকার/ষ্টক-ডিলারের সুপারিশ পত্র

আমি/আমরা এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, সাব-ব্রোকার জনাব/জনাবা········, পিতা ·············, ঠিকানা················, বিগত ··············· তারিখ হইতে একজন সাব-ব্রোকার হিসাবে আমার/আমাদের সহিত চুক্তিবদ্ধ আছেন। আমি/আমরা সাব-ব্রোকার হিসাবে তাহার নিবন্ধন সনদ নবায়নের জন্য সুপারিশ করিতেছি।

·················

তারিখ············ (ষ্টক-ব্রোকার/ষ্টক-ডিলারের স্বাক্ষর)

নাম····················

ঠিকানা··················

(বিঃ দ্রঃ অপ্রযোজ্য শব্দগুলি কাটিয়া দিন)

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, উপরি-উক্ত প্রত্যায়নকারী ·············· অত্র ষ্টক এক্সচেঞ্জের সদস্য। তাহার/উহার সদস্য কোড নং ············ সদস্যভুক্তির তারিখ···············। তাহার সুপারিশকৃত আবেদনকারীকে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের সাব-ব্রোকার হিসাবে নিবন্ধন সনদ নবায়নের সুপারিশ করা হইল/হইল না।

················

চেয়ারম্যান/সচিব এর স্বাক্ষর।

তারিখ·············· নাম················

পদবী ও সীল············ ··

··············ষ্টক-এক্সচেঞ্জ।

(বিঃ দ্রঃ অপ্রযোজ্য শব্দগুলি কাটিয়া দিন)

ফরম "চ"

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (ষ্টক ব্রোকার, ষ্টক ডিলার ও সাব-ব্রোকার) প্রবিধানমালা ১৬(২) ১৯৯৪ এর ১৬(২) দ্রষ্টব্য।

আপীলের ফরম

১। আপীলকারীর নাম ও ঠিকানা :

২। আপীলকারীর নিবন্ধন সনদের ক্রমিক নং (যদি থাকে) :

৩। যে আদেশের বিরুদ্ধে আপীল করা হইতেছে উহার নম্বর ও সংক্ষিপ্ত বিষয়বস্তু (আদেশের অনুলিপি সংযোজন করুন) :

৪। আপীলের যুক্তিসমূহ (সংক্ষেপে উল্লেখ করুন, প্রয়োজনবোধে অতিরিক্ত কাগজে লিখুন) :

৫। আপীলের সমর্থনে দাখিলকৃত কাগজপত্রের বিবরণ (কাগজপত্র দাখিল করিতে হইবে) :

৬। ব্যক্তিগত শুনানী চাহেন কি না :

৭। অতিরিক্ত কোন বক্তব্য (যদি থাকে) :

উপরি-উক্ত তথ্যাবলী এবং দাখিলকৃত কাগজপত্রের বিবরণ আমার জ্ঞান ও বিশ্বাসমতে যথাযথভাবে দাখিল করা হইল।

আপীলকারীর স্বাক্ষর

তারিখ : .. .. .. .. .. .. .. .. .. ..

তফসিল-২

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (ষ্টক-ব্রোকার, ষ্টক ডিলার ও সাব-ব্রোকার) প্রবিধানমালা, ১৯৯৪ এর প্রবিধান . . . . . দ্রষ্টব্য।

ষ্টক ব্রোকার, ষ্টক ডিলার ও সাব-ব্রোকারদের আচরণ বিধি

সকলের ক্ষেত্রে প্রযোজ্য আচরণ বিধি

১। সততা, দক্ষতা ইত্যাদি।—প্রত্যেক ষ্টক ব্রোকার, ষ্টক ডিলার ও সাব-ব্রোকারকে তাহার ব্যবসা পরিচালনার ক্ষেত্রে সুউচ্চ সুনাম, ক্ষিপ্রতা, দক্ষতা, বিশ্বস্ততা ও সততা বজায় রাখিতে হইবে।

২। মক্কেলের প্রতি কর্তব্য।—(১) প্রত্যেক ষ্টক ব্রোকার, ষ্টক ডিলার ও সাব-ব্রোকার তাহার মক্কেলের সহিত কায়কারবারের সময় বিশ্বস্ততার সহিত তাহাদের ফরমায়েশ মোতাবেক মক্কেলের জন্য সর্বোত্তম বাজার দরে সিকিউরিটি ক্রয় বিক্রয় করিবেন।

(২) তিনি মক্কেলের প্রদত্ত সুনির্দিষ্ট তথ্যভিত্তিক ফরমায়েস অনুসারে সিকিউরিটি ক্রয় বিক্রয় এবং উহার কারবার করিবেন। মক্কেলের ফরমায়েশ মোতাবেক ক্রয় বিক্রয় করিতে পারিলেন কিনা তাহা ফরমায়েস প্রদানের অনধিক ১০ দিনের মধ্যে লিখিতভাবে তাহাকে অবহিত করিবেন এবং কোন সিকিউরিটি বিক্রয় করিয়া থাকিলে বিক্রয়লব্ধ অর্থ মক্কেলকে অনধিক ১০ দিনের মধ্যে পরিশোধ করিবেন এবং ক্রয় করিয়া থাকিলে ক্রয়কৃত সিকিউরিটি এবং সংশ্লিষ্ট চুক্তিপত্র উহা সম্পাদনের অনধিক ১০ দিনের মধ্যে মক্কেলকে সরবরাহ করিবেন।

(৩) একজন ষ্টক ব্রোকার, ষ্টক ডিলার বা সাব-ব্রোকার তাহার মক্কেলের সহিত লেনদেনের ব্যাপারে মক্কেলকে সর্বপ্রকার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিবেন না। তিনি জ্ঞাতসারে এবং ইচ্ছাকৃতভাবে তাহার মক্কেলকে এহেন কোন দলিল সরবরাহ করিবেন না যাহা "কু-সরবরাহ" (bad delivery) রূপে পরিগণিত হয় এবং কোন ক্ষেত্রে এইরূপ দলিল সরবরাহ করা হইলে যথাশীঘ্র প্রয়োজনীয় প্রতিকার গ্রহণ করিবেন।

(৪) প্রত্যেক ষ্টক ব্রোকার, ষ্টক ডিলার ও সাব-ব্রোকার নির্ধারিত ফরমে প্রতিটি সিকিউরিটি স্ক্রিপটওয়ারী ক্রয় বা বিক্রয়ের চুক্তিপত্র মক্কেলকে সরবরাহ করিবেন এবং সকল লেনদেন সংক্রান্ত ব্যাপারে পরিশোধযোগ্য বিল এবং প্রাপ্তি ও তাহার দালালী পৃথকভাবে দেখাইয়া তাহা মক্কেলকে সরবরাহ করিবেন।

(৫) কোন ষ্টক ব্রোকার, ষ্টক ডিলার বা সাব-ব্রোকার অন্য কোন ব্যক্তির নিকট তাহার মক্কেলের কোন গোপন তথ্য প্রকাশ করিবেন না বা মক্কেলের সহিত ব্যবসায়িক সম্পর্ক গড়িয়া উঠার সুবাদে জ্ঞাত তাহার ব্যক্তিগত বিনিয়োগ সংক্রান্ত তথ্যাবলীর অপব্যবহার করিবেন না।

৩। সঠিক তথ্য সরবরাহ ইত্যাদি।—কোন ষ্টক ব্রোকার, ষ্টক ডিলার বা সাব-ব্রোকার শুধুমাত্র দালালী বা কমিশন লাভের উদ্দেশ্যে কাহাকেও সিকিউরিটি ক্রয় বা বিক্রয় করিতে প্রলুব্ধ করিবেন না বা কোন মিথ্যা বা বিভ্রান্তিমূলক দরপত্র (Quotation) বা অন্য কোন মিথ্যা তথ্য সরবরাহ করিতে পারিবেন না বা এমন কোন মিথ্যা বা বিভ্রান্তিমূলক তথ্য সরবরাহ করিবেন না যাহাতে কোন ব্যক্তি কোন বিশেষ সিকিউরিটি ক্রয় বা বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর করিতে প্রলুব্ধ হন।

৪। বিনিয়োগের পরামর্শ।—কোন ষ্টক ব্রোকার, ষ্টক ডিলার বা সাব-ব্রোকার তাহার উপর নির্ভরশীল কোন মক্কেলকে সিকিউরিটি ক্রয় বিক্রয় বা সংরক্ষণের জন্য কোন পরামর্শ দিবেন না যতক্ষণ পর্যন্ত না মক্কেলের আর্থিক পরিস্থিতি বিনিয়োগের উদ্দেশ্য ও সিকিউরিটি সংরক্ষণ সংক্রান্ত ব্যাপারে মক্কেল প্রদত্ত তথ্য হইতে ইহা প্রতীয়মান হয় যে, বিনিয়োগের সুপারিশ মক্কেলের জন্য সুবিধাজনক হইবে এবং এতদুদ্দেশ্যে তিনি যখনই যথোপযুক্ত মনে করিবেন তখনই মক্কেলের নিকট হইতে প্রয়োজনীয় তথ্য অনুসন্ধান করিবেন।

৫। কমিশনের প্রতি দায়িত্ব।—প্রত্যেক ষ্টক ব্রোকার, ষ্টক ডিলার ও সাব-ব্রোকার কমিশন বা উহার ক্ষমতাপ্রদত্ত কোন কর্মকর্তার নির্দেশ অনুযায়ী দাখিলযোগ্য সকল হিসাব বহি, রেজিষ্টার, প্রতিবেদন, দলিল বা অন্যান্য কাগজপত্র দাখিল করিবেন এবং তদন্ত বা পরিদর্শনের ক্ষেত্রে তদন্তকারী বা পরিদর্শককে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিবেন। এই সকল ক্ষেত্রে তিনি কোন মিথ্যা বা বিভ্রান্তিকর তথ্য বা কাগজপত্র দাখিল করিবেন না।

৬। নিজ স্বার্থসিদ্ধির জন্য অপকৌশল প্রয়োগ নিষিদ্ধ।—কোন ষ্টক ব্রোকার, ষ্টক ডিলার বা সাব-ব্রোকার নিজ স্বার্থসিদ্ধির জন্য কোন অপকৌশলের আশ্রয় লইতে পারিবেন না, কাহাকেও ঠকানো বা প্রবঞ্চনার উদ্দেশ্যে কোন লেনদেন করিতে পারিবেন না বা নিজ স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে অথবা বাজারের ভারসাম্য বিনষ্ট করার উদ্দেশ্যে কোন গুজব ছড়াইতে পারিবেন না।

৭। কৃত্রিম বাজার সৃষ্টি নিষিদ্ধ।—একজন ষ্টক ব্রোকার, ষ্টক ডিলার বা সাব-ব্রোকার এককভাবে অথবা অন্যান্যদের সহিত সম্মিলিতভাবে কোন কৃত্রিম বাজার সৃষ্টি করিতে পারিবেন না যাহা সাধারণ বিনিয়োগকারীদের জন্য ক্ষতিকর হইবে অথবা বাজারের সুষ্ঠ ও অবাধ কার্যকারিতা বাধাগ্রস্ত করিবে।

## সাব-ব্রোকারের ক্ষেত্রে প্রযোজ্য বিশেষ আচরণ বিধি

৮। স্ক্রিপ ও মক্কেল ওয়ারী বিভাজন।—একজন সাব-ব্রোকার তাহার উপরস্থ ষ্টক ব্রোকার বা ষ্টক ডিলারের নিকট হইতে যেভাবে বিভিন্ন একক ইউনিট (Denomination) স্ক্রিপ সরবরাহ পাইয়াছেন সেইভাবে তাহা স্ক্রিপ ওয়ারী এবং মক্কেলওয়ারী বিভাজন করিবেন।

৯। কোন সাব-ব্রোকার তাহার মক্কেলের সহিত কারবার করার সময় তাহাকে অবহিত করিবেন যে, তিনি একজন প্রতিনিধি হিসাবে কাজ করিতেছেন এবং তিনি যে ষ্টক ব্রোকার বা ষ্টক ডিলারের অধীনস্থ তাহার বিনা অনুমতিতে তাহার মক্কেলের ফরমায়েশ অনুযায়ী কোন ক্রয় বিক্রয় সমন্বিত করিতে পারিবেন না।

সুলতান-উজ-জামান খান
চেয়ারম্যান,
সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।